গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
দক্ষিণ সুরমা, সিলেট।
www.dakshinsurma.sylhet.gov.bd

**ডিসেম্বর/২০২৪ মাসের দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণীঃ**

| | |
|---|---|
| তারিখ ও সময় | : ২৬/১২/২০২৪, সকাল ১১:৩০ ঘটিকা |
| স্থান | : উপজেলা পরিষদের সভা কক্ষ |
| উপস্থিত ও অনুপস্থিতি | : পরিশিষ্ট "ক" |
| সভাপতি | : উর্মি রায়, প্রশাসক, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর নভেম্বর/২০২৪ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়।

গত সভার কার্যবিবরণীতে কোন আপত্তি/সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

০১। **স্থানীয় সরকার বিভাগ (ইউনিয়ন পরিষদ):** নভেম্বর/২০২৪ মাসের মাসিক সভার কার্যবিবরণী সকল ইউ/পি হতে পাওয়া গেছে।

সিদ্ধান্ত : যথাযথভাবে নোটিশ দিয়ে মাসে অন্ততঃ একবার সাধারণ সভা করে সভার কার্যবিবরণী চৌদ্দ দিনের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা প্রশাসকের নিকট প্রেরণ করার জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : ইউনিয়ন চেয়ারম্যান (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

০২। **প্রকৌশল বিভাগ (এলজিইডি):** উপজেলা প্রকৌশলী তাঁর বিভাগীয় কার্যক্রমের তথ্যাদি নিয়ে উপস্থাপন করেন।

প্রস্তাব-১: উপজেলা প্রকৌশলী সভায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) হতে নিম্নলিখিত প্রকল্পগুলোর টেন্ডার বিধিমোতাবেক বাতিল পূর্বক রিটেন্ডারের জন্য প্রস্তাব উপস্থাপন করেন।

| | | |
|---|---|---|
| ১ | ১৪টি কমিউনিটি ক্লিনিকে সোলার প্যানেল স্থাপন, ০৭টি কমিউনিটি ক্লিনিক এবং জালালপুর উচ্চ বিদ্যালয়ে ১১টি ও আব্দুল আহাদ উচ্চ বিদ্যালয়ে ১০টি পানির ফিল্টার স্থাপন। | ১৬,৯৫,৩৬৬/- |
| ২ | জালালপুর উচ্চ বিদ্যালয় ও আব্দুল আহাদ উচ্চ বিদ্যালয়ে মাল্টিমিডিয়া উপকরণ সরবরাহকরণ। | ১১,১৯,৫৩০/- |

সিদ্ধান্ত-১: উপর্যুক্ত প্রকল্প দুইটির টেন্ডার বিধিমোতাবেক বাতিল পূর্বক রিটেন্ডারের জন্য সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

প্রস্তাব-২: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ননগেজেটেড কোয়ার্টারের ১ম ও ২য় তলায় সাব রেজিস্ট্রার অফিসের কার্যক্রম পরিচালিত হচ্ছে। সাব রেজিস্ট্রার অফিসের চলমান ভাড়া নির্ধারণের জন্য তিন সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করে পরবর্তী মাসিক সমন্বয় সভায় প্রতিবেদন দাখিল করার প্রস্তাব করেন।

সিদ্ধান্ত-২: উপজেলা প্রকৌশলী (এলজিইডি), সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) ও উপজেলা পরিসংখ্যান অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট এর সমন্বয়ে তিন সদস্য বিশিষ্ট কমিটি সর্ব সম্মতিক্রমে গঠন করা হলো এবং পরবর্তী মাসিক সমন্বয় সভায় প্রতিবেদন দাখিল করার জন্য কমিটির সদস্যবৃন্দকে অনুরোধ করা হলো।

বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী (এলজিইডি), সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) ও উপজেলা পরিসংখ্যান অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট।

প্রস্তাব-৩: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, এডিপি (থোক বরাদ্দ ও রাজস্ব উদ্বৃত্ত) হতে বাস্তবায়নের জন্য সকল ইউনিয়ন পরিষদ, বিভিন্ন দপ্তর ও ব্যক্তিবর্গ কর্তৃক প্রশাসক, উপজেলা পরিষদ বরাবর দাখিলকৃত প্রকল্প (তালিকা সংযুক্ত) পাওয়া গিয়েছে। প্রাপ্ত এডিপির প্রকল্প তালিকা প্রকল্প বাছাই কমিটির নিকট প্রেরণের প্রস্তাব করেন এবং পরবর্তী মাসিক সভায় চূড়ান্ত অনুমোদন সাপেক্ষে বাস্তবায়নের জন্য সুপারিশ করেন। প্রকল্পগুলো অগ্রাধিকার ভিত্তিতে বাছাই করার জন্য নিম্নে উল্লেখিত কর্মকর্তাগণকে বিশেষ অনুরোধ করা হলো।

| ক্র: নং | ইউনিয়নের নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|
| ১ | মোল্লারগাঁও এবং কামালবাজার ইউনিয়ন | উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট |
| ২ | জালালপুর ইউনিয়ন | উপজেলা কৃষি অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট |
| ৩ | সিলাম ইউনিয়ন | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট |
| ৪ | লালাবাজার ইউনিয়ন | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট |
| ৫ | তেতলী ইউনিয়ন | উপজেলা শিক্ষা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট |
| ৬ | মোগলাবাজার ইউনিয়ন | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য),দক্ষিণ সুরমা, সিলেট |
| ৭ | দাউদপুর ইউনিয়ন | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট |

সিদ্ধান্ত-৩: এডিপি হতে বাস্তবায়নের জন্য বিভিন্ন ইউনিয়নে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের দ্বারা বাছাইকৃত প্রকল্প তালিকা প্রকল্প বাছাই কমিটির নিকট প্রেরণের সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

প্রস্তাব-৪: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, গেজেটেড কোয়ার্টারে ৪টি নতুন মিটার এবং আনসার শেডে ১টি নতুন মিটার স্থাপন করা প্রয়োজন।

| ক্র: নং | মিটারের নাম | অবস্থান | সংখ্যা |
|---|---|---|---|
| ১ | উপজেলা পরিষদ-১ | ৩য় তলা পূর্ব পাশ | ১ |
| ২ | উপজেলা পরিষদ-২ | ৩য় তলা পশ্চিম পাশ | ১ |
| ৩ | উপজেলা পরিষদ-৩ | ৪র্থ তলা পূর্ব পাশ | ১ |
| ৪ | উপজেলা পরিষদ-৪ | ৪র্থ তলা পশ্চিম পাশ | ১ |
| ৫ | আনসার শেড-৫ | আনসার শেড | ১ |

সিদ্ধান্ত-৪: গেজেটেড কোয়ার্টারে ৪টি নতুন মিটার এবং আনসার শেডে ১টি নতুন মিটার স্থাপনের জন্য সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

প্রস্তাব-৫: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে,

(ক) উপজেলা পরিষদের সভা কক্ষের জন্য প্লাস্টিকের চেয়ার ক্রয় বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা প্রয়োজন।

(খ) উপজেলা পরিষদ কমপ্লেক্সের চারপাশ পরিস্কার পরিচ্ছন্নতা বাবদ ২২,০০০/- (বাইশ হাজার) টাকা প্রয়োজন।

(গ) গেজেটেড কোয়ার্টারের পানির লাইন মেরামত বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টকা প্রয়োজন।

(ঘ) উপজেলা পরিষদের পানির পাম্প মেরামত বাবদ ২৩,০০০/- (তেইশ হাজার) টাকা প্রয়োজন।

(ঙ) নন গেজেটেড কোয়ার্টারের ৩য় তলার পূর্ব পাশে ১টি মিটার স্থাপন ফি বাবদ ১,০৯৮/- টাকা ও ফিটিং চার্জ বাবদ ৬০০/- টাকা সর্বমোট=১,৬৯৮/- (এক হাজার ছয়শত আটানব্বই) টাকা প্রয়োজন।

(চ) ১৪৩২-১৪৩৪ বাংলা সনে জলমহাল ইজারার জন্য পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশের বিল বাবদ দৈনিক শ্যামল সিলেট পত্রিকার বিল ২৯,৯৭৩/- (উনত্রিশ হাজার নয়শত তেয়াত্তর) টাকা প্রয়োজন।

সিদ্ধান্ত-৫: (ক) উপজেলা পরিষদের সভা কক্ষের জন্য প্লাস্টিকের চেয়ার ক্রয় বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা রাজস্ব তহবিলের আসবাবপত্র সংগ্রহ/মেরামত খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) উপজেলা পরিষদ কমপ্লেক্সের চারপাশ পরিস্কার পরিচ্ছন্নতা বাবদ ২২,০০০/- (বাইশ হাজার) টাকা রাজস্ব তহবিলের বর্জ্য ব্যবস্থাপনা/পরিস্কার পরিচ্ছন্নতা খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) গেজেটেড কোয়ার্টারের পানির লাইন মেরামত বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টকা রাজস্ব তহবিলের উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/ রংকরণ খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঘ) উপজেলা পরিষদের পানির পাম্প মেরামত বাবদ ২৩,০০০/- (তেইশ হাজার) টাকা রাজস্ব তহবিলের পানির পাম্প রক্ষণাবেক্ষণ/মেরামত খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঙ) নন গেজেটেড কোয়ার্টারের ৩য় তলার পূর্ব পাশে ১টি মিটার স্থাপন ফি বাবদ ১,০৯৮/- টাকা ও ফিটিং চার্জ বাবদ ৬০০/- টাকা সর্বমোট=১,৬৯৮/- (এক হাজার ছয়শত আটানব্বই) টাকা রাজস্ব তহবিলের উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/ রংকরণ খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(চ) ১৪৩২-১৪৩৪ বাংলা সনে জলমহাল ইজারার জন্য পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশের বিল বাবদ দৈনিক শ্যামল সিলেট পত্রিকার বিল ২৯,৯৭৩/- (উনত্রিশ হাজার নয়শত তেয়াত্তর) টাকা রাজস্ব তহবিলের বিদ্যুৎ/টেলিফোন বিল, ভূমি উন্নয়ন কর, ইন্টারনেট বিল, সংবাদপত্রের বিজ্ঞপ্তির বিল ইত্যাদি পরিশোধ খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

০৩। **প্রকল্প বাস্তবায়ন বিভাগ** : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সকলকে বিজয়ের শুভেচ্ছা জানান। তিনি বলেন শীতার্ত মানুষের মধ্যে কম্বল বিতরণের জন্য বরাদ্দ পাওয়া গিয়েছে।

০৪। **স্বাস্থ্য বিভাগ** : অনুপস্থিত।

০৫। **পরিবার পরিকল্পনা বিভাগ** : অনুপস্থিত।

০৬। **কৃষি বিভাগ** : উপজেলা কৃষি অফিসার জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

০৭। **প্রাণি সম্পদ বিভাগ** : অনুপস্থিত।

০৮। **মৎস্য বিভাগ** : উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিনিধি জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

০৯। **শিক্ষা বিভাগ** : অনুপস্থিত।

১০। **মাধ্যমিক শিক্ষা বিভাগ:** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের প্রতিনিধি জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

১১। **সমাজসেবা বিভাগ:** উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

১২। **সমবায় বিভাগ:** অনুপস্থিত।

১৩। **মহিলা বিষয়ক বিভাগ** : অনুপস্থিত।

১৪। **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ** : সহকারী প্রকৌশলী জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

১৫। **পল্লী উন্নয়ন বিভাগ** : উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের প্রতিনিধি জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

১৬। **যুব উন্নয়ন বিভাগ** : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

১৭। **ইউজিডিপি বিভাগ** : উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। পঞ্চবার্ষিক পরিকল্পনা ও বার্ষিক পরিকল্পনা প্রণয়ন।

**সভাপতি মহোদয়ের সমাপনী বক্তব্য** : উর্মি রায়, প্রশাসক, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট অদ্যকার সভায় উপস্থিত থাকার জন্য ইউ/পি চেয়ারম্যানগণ এবং সকল বিভাগীয় কর্মকর্তাদের ধন্যবাদ জ্ঞাপন করেন। পর্যায়ক্রমে প্রত্যেক দপ্তরের গত মাসের কার্যক্রম ও অগ্রগতি সম্পর্কে খোঁজ-খবর নেন। তিনি বলেন প্রত্যেকের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করতে হবে। জনগণের কল্যাণে সকলকে মিলেমিশে কাজ করার জন্য অনুরোধ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬/১২/২৩

উর্মি রায়
প্রশাসক
উপজেলা পরিষদ
দক্ষিণ সুরমা, সিলেট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দক্ষিণ সুরমা, সিলেট।

স্মারক নং- ০৫.৪৬.৯১৩১.০০০.৪০.০১২.২৪.১০৯৭

তারিখঃ ২৬ ডিসেম্বর, ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৪। জেলা প্রশাসক, সিলেট।
৫। প্রশাসক, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
৬। নির্বাহী প্রকৌশলী ..............................................................................................সিলেট।
৭। উপ-পরিচালক ..........................................................................................................সিলেট।
৮। উপজেলা ......................................................................................কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট।
৯। সহকারী প্রোগ্রামার, দক্ষিণ সুরমা, সিলেট (পরিষদের মাসিক সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)
১০। চেয়ারম্যান ..............................................................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।
১১। জনাব/বেগম.......................................... সদস্য.................................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

উর্মি রায়
উপজেলা নির্বাহী অফিসার
দক্ষিণ সুরমা, সিলেট।
ফোন: ০২৯৯৬৬৪৬৯১৩

<u>পরিশিষ্ট ক সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা: স্বাক্ষরের ক্রমানুসারে</u>

| উপস্থিত জনপ্রতিনিধিঃ | অনুপস্থিত জনপ্রতিনিধিঃ |
|---|---|
| ১। চেয়ারম্যান, ০১নং মোল্লারগাঁও ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। চেয়ারম্যান, ৩নং তেতলী ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৩। চেয়ারম্যান, ৫নং সিলাম ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৪। চেয়ারম্যান, ৬নং লালাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৫। চেয়ারম্যান, ৭নং জালালপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৬। চেয়ারম্যান, ১০ নং কামালবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | ১। চেয়ারম্যান, ৮নং মোগলাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। চেয়ারম্যান, ৯নং দাউদপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট |
| ১। উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। উপজেলা কৃষি অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>৩। উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিনিধি, দক্ষিণ সুরমা, সিলেট<br>৪। উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট<br>৫। উপজেলা সমাজসেবা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>৬। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি, দক্ষিণ সুরমা, সিলেট<br>৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি, দক্ষিণ সুরমা, সিলেট<br>৮। সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দক্ষিণ সুরমা, সিলেট<br>৯। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১০। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১১। ইউএনও, ইউজিডিপি, দক্ষিণ সুরমা, সিলেট | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>৩। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>৪। উপজেলা শিক্ষা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>৫। উপজেলা সমবায় অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>৬। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট |